

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
স্বাস্থ্য অর্থনীতি ইউনিট  
জেন্ডার, এনজিও অ্যান্ড স্টেকহোল্ডার পার্টিসিপেশন ইউনিট  
আনসারী ভবন (৫তলা), ১৪/২ তোপখানা রোড, ঢাকা ১০০০



নং-৪৫.০৫.০০০০.০০৯.৩১.০০২.১৯.১৬০৬

তারিখঃ ০৬/১১/২০২২ খ্রি:

বিষয় : জিএনএসপি ইউনিটের উদ্যোগে আয়োজিত “Psychological support and gender sensitive approach for stress management for health professionals during Covid-19 pademic and aftermath” শীর্ষক প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রদান সম্পর্কিত।

স্বাস্থ্য অর্থনীতি ইউনিটের জিএনএসপি ইউনিট কর্তৃক স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থা/সেবাকেন্দ্রে কর্মরত কর্মকর্তাদের জন্য ০৩ (তিন) কর্মদিবসব্যাপী “Psychological support and gender sensitive approach for stress management for health professionals during Covid-19 pademic and aftermath” শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করা হয়েছে। স্বাস্থ্য বিধি মেনে সীমিত পরিসরে আগামী ১৫-১৭ নভেম্বর, ২০২২ খ্রি: (মঙ্গল-বৃহস্পতিবার) মেয়াদে অনুষ্ঠেয় এ কোর্সটি স্বাস্থ্য অর্থনীতি ইউনিটের সম্মেলনকক্ষে (কক্ষ নং ৪০৮, ৪র্থ তলা, আনসারী ভবন, ১৪/২ তোপখানা রোড, ঢাকা-১০০০) সকাল ৯টা থেকে বেলা ৩:৩০ মি: পর্যন্ত অনুষ্ঠিত হবে।

২। উক্ত প্রশিক্ষণ কর্মসূচিতে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সংশ্লিষ্ট বিষয়ের সাথে সম্পৃক্ত এক (১) জন উপযুক্ত কর্মকর্তাকে মনোনয়ন প্রদানের জন্য নির্দেশক্রমে বিনীত অনুরোধ করা হল। যে সকল কর্মকর্তা ইতোপূর্বে এ বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করেছেন তাঁদের মনোনয়ন প্রদান ও অংশগ্রহণের প্রয়োজন নেই। মনোনীত কর্মকর্তার ই-মেইল ও মোবাইল নম্বরসহ তালিকা পূর্বাশ্রে জিএনএসপি ইউনিটে নিম্নস্বাক্ষরকারীর ই-মেইলে সরবরাহের ব্যবস্থা গ্রহণকে উৎসাহিত করা যাচ্ছে।

৩। উল্লেখ্য, প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণকারীকে সরকারি বিধি মোতাবেক নির্ধারিত হারে দৈনিক ভাতা প্রদান করা হবে।

৪। প্রশিক্ষণ বিষয়ে বিস্তারিত তথ্যের প্রয়োজনে অনুগ্রহপূর্বক জিএনএসপি ইউনিটের জনাব মোঃ সাইদুর রহমান খান, পিএম [০১৭১৬৮১৭৫৬৮] এবং ডা: এজিএম মাস্কুর রহমান, সিনিয়র কনসালটেন্ট [০১৬৭১১১৬০১৭] এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

(মো: সাইদুর রহমান খান)

প্রোগ্রাম ম্যানেজার

জিএনএসপি ইউনিট

মোবাইল : ০১৭১৬৮১৭৫৬৮

e-mail:msrk\_6415@yahoo.com

মহাপরিচালক  
পরিবার পরিকল্পনা অধিদপ্তর  
কাওরান বাজার, ঢাকা

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৩। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়